"ছেলে হোক মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট"

গনপ্রজাতন্ত্রী বাংলদেশ সরকার
বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়
পরিবার পরিকল্পনা ভবন, ৯৭৫, আগ্রাবাদ, চট্টগ্রাম।
ই-মেইল ঃ dirchattogram@dgfp.gov.bd

স্মারক নং ঃ ৫৯.১১.২০০০.০০১.০৬.০৫৪.১৭. ৬৮৭

তারিখ ১৯ অগ্রহায়ণ ১৪৩০ বাং
০৪ ডিসেম্বর ২০২৩ খ্রি.

## সভার বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বিভাগীয় পরিবার পরিকল্পনা দপ্তরসমূহের অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক (২য় ত্রৈমাসিকের ১ম সভা) আগামী ০৬ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ তারিখ বেলা ৩.৩০ ঘটিকায় জুম প্লাটফর্মে সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। জুম আইডি এবং পাসকোড যথাসময়ে জানানো হবে।

পরিচালক মহোদয়ের সদয় অনুমোদক্রমে।

(মোস্তাফিজুর রহমান চৌধুরী)
সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা)
বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

উপপরিচালক (পরিবার পরিকল্পনা)
-------------(সকল) চট্টগ্রাম বিভাগ।

স্মারক নং ঃ ৫৯.১১.২০০০.০০১.০৬.০৫৪.১৭.

তারিখ ১৯ অগ্রহায়ণ ১৪৩০ বাং
০৪ ডিসেম্বর ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলঃ-

১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক (সমন্বয়), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
৪. সহকারী পরিচালক (সমন্বয়), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
৫. অফিস কপি।

(মোস্তাফিজুর রহমান চৌধুরী)
সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা)
বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

| "ছেলে হোক, মেয়ে হোক দু'টি সন্তানই যথেষ্ট" |
|---|

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়
"পরিবার পরিকল্পনা ভবন"
৯৭৫, আগ্রাবাদ, চট্টগ্রাম।

০৬ ডিসেম্বর ২০২৩ তারিখে চট্টগ্রাম বিভাগের পরিবার পরিকল্পনা কার্যালয়ে অনুষ্ঠিত অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ গোলাম মোঃ আজম, পরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

তারিখ ঃ ০৬ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ
সময় ঃ ৩.০০ ঘটিকা.
স্থান : জুম প্লাটফর্মে, স্ব-স্ব অবস্থানে।

উপস্থিতি ঃ চট্টগ্রাম বিভাগের সকল উপপরিচালক (পরিবার পরিকল্পনা) গণ অংশ গ্রহণ করেন।

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে ১৩/০৯/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন বিষয়ক কমিটির বর্তমান অর্থবছরের ১ম ত্রৈমাসিকের সভার কার্যবিবরণী পাঠ করে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অবস্থা পর্যালোচনা করা হয়। সকল জেলার উপপরিচালক মহোদয়গণের বক্তব্য পর্যালোচনা করে দেখা যায় যে, পূর্বের সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ীঃ

১) উপপরিচালক (পরিবার পরিকল্পনা) মহোদয়গণের প্রদত্ত তথ্য অনুযায়ী, সকল জেলায় অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবপোর্টালে ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিত হালনাগাদকরন করা হচ্ছে। সার্ভার বা ইন্টারনেটের সমস্যার কারণে সাময়িকভাবে কোথাও বিড়ম্বনা হলেও পরবর্তীতে দ্রুত তা সম্পন্ন করা হচ্ছে।

২) নির্দিষ্ট সময়ে অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগসমূহ নিস্পত্তির জন্য সর্বোচ্চ চেষ্টা করা হচ্ছে। তবে, নিস্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণের কাজে ধীরগতি লক্ষ্য করা যায়। এই বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক (পরিবার পরিকল্পনা) মহোদয়গণকে অনুরোধ করা হয়।

৩) কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক আনুষ্ঠানিক প্রশিক্ষনের আয়োজন করা সম্ভব হয়নি। তবে উপপরিচালক (পরিবার পরিকল্পনা) মহোদয়গণ জানান, তারা বিভিন্ন সভায় এবং পরিদর্শনকালে কর্মকর্তা/কর্মচারীদেরকে অনানুষ্ঠানিকভাবে অবহিত করার কার্যক্রম চলমান রেখেছেন। পরবর্তীতে যত দ্রুত সম্ভব আনুষ্ঠানিক প্রশিক্ষণের আয়োজন করবেন।

৪) অভিযোগ প্রতিকারের ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরন সভার আয়োজন এপিএ এর নির্দেশনা মোতাবেক চলমান আছে বলে উপপরিচালক (পরিবার পরিকল্পনা) মহোদয়গণ জানান।

পরবর্তীতে সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয় ঃ

| ক্রমনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১ | অভিযোগ বাক্স স্থাপন | সকল অফিস ও সেবাকেন্দ্রে অভিযোগ বাক্স স্থাপন করা। | পরিবার পরিকল্পনা বিভাগের আওতাধীন সকল অফিস ও সেবাকেন্দ্রে অভিযোগ বাক্স স্থাপনের ব্যবস্থা করতে হবে। | উপপরিচালক (পঃপঃ) (সকল)।<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)।<br>মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল)।<br>মেডিকেল অফিসার (ক্লিনিক) (সকল)। |
| ০২ | অভিযোগ প্রতিকার | প্রাপ্ত অভিযোগসমূহের প্রতিকার করা। | অভিযোগ বাক্সে প্রাপ্ত অভিযোগসমূহের যথাসময়ে প্রতিকারের ব্যবস্থা করতে হবে। | উপপরিচালক (পঃপঃ) (সকল)।<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)।<br>মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল)।<br>মেডিকেল অফিসার (ক্লিনিক) (সকল)। |
| ০৩ | প্রতিবেদন প্রেরণ | প্রাপ্ত অভিযোগের নিস্পত্তি সংক্রান্ত | অভিযোগসমূহ নিস্পত্তিপূর্বক যথাযথ কর্তৃপক্ষের দপ্তরে ত্রৈমাসিক | উপপরিচালক (পঃপঃ) (সকল)।<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিবেদন প্রেরণ। | প্রতিবেদন যথাসময়ে প্রেরন করা বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়। | মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল)।<br>মেডিকেল অফিসার (ক্লিনিক) (সকল)। |
| ০৪ | কার্যক্রমের মূল্যায়ন করা | অভিযোগ/ মতামত/ পরামর্শ প্রদানের মাধ্যমে কার্যক্রমের মূল্যায়নের ব্যবস্থা করা। | অভিযোগ/ মতামত/ পরামর্শ প্রদানের মাধ্যমে পরিবার পরিকল্পনা বিভাগের চলমান কার্যক্রমের মূল্যায়ন করার জন্য জনগণকে উৎসাহিত করতে হবে। | উপপরিচালক (পঃপঃ) (সকল)।<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)।<br>মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল)।<br>মেডিকেল অফিসার (ক্লিনিক) (সকল)। |
| ০৫ | অভিযোগ বাক্সের নাম পরিবর্তন | সভায় উপস্থিত উপপরিচালক (পঃপঃ) গণ জানান, অভিযোগ বাক্স শব্দটি নেতিবাচক হওয়ায় নাম পরিবর্তন করা প্রয়োজন। | অভিযোগ বাক্সের নাম পরিবর্তন করে মতামত প্রদান বাক্স/ পরামর্শ প্রদান বাক্স নাম রাখার জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট লিখিত প্রস্তাব প্রেরণ করা হবে। | উপপরিচালক (পঃপঃ) (সকল)।<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)।<br>মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল)।<br>মেডিকেল অফিসার (ক্লিনিক) (সকল)। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/১২/২০২৩

গোলাম মোঃ আজম
পরিচালক (পরিবার পরিকল্পনা)
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

স্মারক নং ঃ ৫৯.১১.২০০০.০০১.০৬.০৫৪.১৭. ৭২৬

তারিখ ০৫ পৌষ, ১৪৩০ বাং
২০ ডিসেম্বর, ২০২৩ খ্রি.


অনুলিপি ঃ সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।


১) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
২) উপপরিচালক (সমন্বয়), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
৩) উপপরিচালক, পরিবার পরিকল্পনা, (সকল) চট্টগ্রাম বিভাগ।
৪) সহকারী পরিচালক (সমন্বয়), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
৫) সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা)/ (সিসি), (সকল), চট্টগ্রাম বিভাগ।
৬) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)/(ক্লিনিক), (সকল) চট্টগ্রাম বিভাগ।
৭) অফিস কপি।

২৫/১২/২০২৩

গোলাম মোঃ আজম
পরিচালক (পরিবার পরিকল্পনা)
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

# অভিযোগ প্রতিকার বাস্তবায়ন বিষয়ক সভার হাজিরা



# অভিযোগ প্রতিকার বাস্তবায়ন বিষয়ক সভার ছবি

